WARPO
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

Water Resources Planning Organisation
**Ministry of Water Resources**
House No. 103, Road No. 01
Banani, Dhaka-1213, Bangladesh
E-mail: dg_warpo@bangla.net
Tel: 8814554, 8814556, 8814217
Fax: 9883456
WEB: www.warpo.gov.bd

স্মারক নং-ওয়ারপো/সি-৭৪/২০০৫/৬৯৪(৪) তারিখ-২৭-১১-২০০৫ইং

বিষয় ঃ ওয়ারপো'র "ক্লিয়ারিং হাউজ" এর উপর ওয়ারপো'র কারিগরী কমিটির আলোচনা সভার কার্যবিবরণী।

প্রিয় মহোদয়,

বিগত ২০-১১-২০০৫ইং তারিখ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকায় ওয়ারপো'র সভা কক্ষে ওয়ারপো'র কারিগরী কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিকল্পনা কমিশনের সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ) এবং ওয়ারপো'র কারিগরী কমিটির সভাপতি জনাব আলী ইমাম মজুমদার। সভার ওয়ারপো'র "ক্লিয়ারিং হাউজ" দায়িত্ব পালনে সম্ভাব্য কার্যাবলী, কর্মপদ্ধতি ও কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা হয়।

সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ- কার্যবিবরণীর অনুলিপি

২৭/১১/০৫
(মোঃ শাহজাহান)
সচিব

বিতরণঃ

১। ড. মোঃ নুরুল আলম, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ও সদস্য, ওয়ারপো কারিগরী কমিটি।

২। জনাব কাজী গোলাম মোস্তফা, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও সদস্য, ওয়ারপো কারিগরী কমিটি।

৩। জনাব মোঃ খোরশেদ আলম, প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও সদস্য, ওয়ারপো কারিগরী কমিটি।

৪। জনাব হোসাইন শহীদ মোজাদ্দাদ ফারুক, মহাপরিচালক, ওয়ারপো ও সচিব, ওয়ারপো কারিগরী কমিটি।

অনুলিপিঃ

১। জনাব আলী ইমাম মজুমদার, সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ), পরিকল্পনা কমিশন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শেরে বাংলা নগর, ঢাকা।

# ২০-১১-২০০৫ইং তারিখে অনুষ্ঠিত পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কারিগরী কমিটির ১ম সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) "ক্লিয়ারিং হাউজ" এর দায়িত্ব পালন বিষয়টি পর্যালোচনার জন্য ওয়ারপো কারিগরী কমিটির প্রথম সভা ২০-১১-২০০৫ ইং তারিখ সকাল ১০:০০ টায় পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জনাব আলী ইমাম মজুমদার, সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ), পরিকল্পনা কমিশন ও ভাইস চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড উক্ত সভায় সভাপতিত্ব করেন।

২। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা সংযুক্তি হিসাবে দেখান হল।

৩। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি আলোচ্যসূচী অনুযায়ী ওয়ারপোর "ক্লিয়ারিং হাউজ" এর দায়িত্ব পালনের বিষয়টি উপস্থাপনার জন্য জনাব এইচ, এস, মোজাদ্দাদ ফারুক, মহাপরিচালক, ওয়ারপো ও সচিব কারিগরী কমিটি কে আহবান জানান।

৪। সভার প্রারম্ভে ওয়ারপো'র মহাপরিচালক ওয়ারপোর "ক্লিয়ারিং হাউজ" দায়িত্ব বাস্তবায়নে সংস্থার পরিকল্পনা ও গৃহীত ব্যবস্থাদি অবহিত করেন। এ বিষয়ে তিনি সভাকে অবহিত করেন যে বিগত ১৫ই ডিসেম্বর ২০০৪ এবং ১৬ই মার্চ ২০০৫ তারিখে মাননীয় সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় এর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভায় "ক্লিয়ারিং হাউজ" বিষয়টি আলোচিত হয় এবং ক্লিয়ারিং হাউজ এর কিছু কার্যপরিধি গৃহীত হয়। তাছাড়া বিগত ১৪ই নভেম্বর ২০০৫ তারিখ বিভিন্ন সংস্থার প্রতিনিধিদের উপস্থিতিতে ওয়ারপোর "প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনা (ওডিপি)" এর আওতায় ওয়ারপোর নির্ধারিত বিভিন্ন দায়িত্ব বাস্তবায়নের পরিকল্পনা আলোচিত হয়। ঐ আলোচনায় "ক্লিয়ারিং হাউজ" এর অনুকুলে বিভিন্ন মতামত ও সুপারিশ উপস্থাপিত হয়। তিনি উল্লেখ করেন যে বিগত ০২/১০/০৫ তারিখে অনুষ্ঠিত সংস্থার পরিচালনা বোর্ডের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে কারিগরী কমিটির সভায় বিষয়টি আলোচনার জন্য উপস্থাপিত হয়েছে।

৫। জনাব সাইফুল আলম, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ওয়ারপোর "ক্লিয়ারিং হাউজ" রোল এর ভিত্তি, কার্যপরিধি, কার্যপদ্ধতি, জনবল, বাজেট, কর্মপরিকল্পনা ইত্যাদি বিষয়ে একটি PowerPoint Presentation উপস্থাপন করেন। Presentation এর পর সভাপতি ক্লিয়ারিং হাউজ এর উপর মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণের জন্য উপস্থিত সদস্যবৃন্দকে অনুরোধ করেন।

৬। আলোচনা ঃ

বিভিন্ন সংস্থার প্রতিনিধি ও কারিগরী কমিটির সদস্যবৃন্দ বিভিন্ন বিষয়ে প্রশ্ন উথাপন ও মতামত প্রদান করেন।

(১) জনাব কাজী গোলাম মোস্তফা, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো ও সদস্য ওয়ারপো কারিগরী কমিটি অভিমত প্রদান করেনে যে প্রকল্প প্রণয়ন ও অনুমোদনে বিদ্যমান ব্যবস্থার অতিরিক্ত হিসাবে "ক্লিয়ারিং হাউজ" এর আওতায় ওয়ারপো'র ছাড়পত্র নিতে হলে অনুমোদন প্রক্রিয়ায় দীর্ঘ সূত্রিতা জন্ম নিতে পারে। তিনি মতামত প্রকাশ করেন যে, প্রকল্প সংক্রান্ত বিভিন্ন সমীক্ষা চলাকালীন সময়ে ওয়ারপোর মতামত গ্রহণের মাধ্যমে "ক্লিয়ারিং হাউজ" বাস্তবায়িত হলে দীর্ঘ সূত্রিতা হ্রাস পেতে পারে। জনাব কাজী গোলাম মোস্তফা আরও জানান যে বাপাউবো, এলজিইডি, ডিপিএইচই, বিএডিসি, ওয়াসা, পরিকল্পনা কমিশন, আইএমইডি এবং মাঠ পর্যায়ে বিভিন্ন বেসরকারী সংস্থা পানি সম্পদ উন্নয়ন কার্যক্রমের সহিত জড়িত। অতএব "ক্লিয়ারিং হাউজ" বিষয়টি চূড়ান্তকরণে এ সমস্ত সংস্থার মতামত নেয়া প্রয়োজন।

(২) এ প্রসঙ্গে মহাপরিচালক, ওয়ারপো জানান যে গত ১৪-১১-২০০৫ইং তারিখে "Organizational Development Plan (ODP) of WARPO" ডকুমেন্টটি পর্যালোচনার জন্য অতিরিক্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়, বাপাউবো, বিআইডিএস, সিইজিআইএস, আইডব্লিউএম, আইএমইডি, বিআরডিবি, এলজিইডি, ওয়ারপো, টুইনিং মিশন (নেদারল্যান্ডস্) ও নেদারল্যান্ডস এ্যাম্বাসি এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

(৩) এ পর্যায়ে সভাপতি জানান যে এ ধরণের সভায় অনেক সময় উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করা হয় না। ফলে সংস্থার বক্তব্য অনেক সময় যথাযথ প্রতিফলিত হয় না। তিনি সংস্থা সমূহের লিখিত মতামত সংগ্রহের লক্ষ্যে মত রাখেন।

(৪) এই প্রসঙ্গে জনাব কামাল উদ্দীন আহমেদ, প্রকল্প পরিচালক, ডিপিএইচই, আর্সেনিক বিষয়ক প্রকল্প প্রক্রিয়াকরণে "বিশেষজ্ঞ কমিটির" কথা উল্লেখ পূর্বক অতিরিক্ত ব্যবস্থা হিসাবে "ক্লিয়ারিং হাউজ" এর ব্যবস্থা রাখলে প্রকল্প প্রক্রিয়াকরণে অধিক সময় ব্যয় হতে পারে বলে আশংকা প্রকাশ করেন। প্রকল্প দ্রুত বাস্তবায়নের বিষয়ে উন্নয়ন সহযোগিদের চাপের কথাও তিনি প্রসঙ্গক্রমে উল্লেখ করেন।

(৫) সভাপতির এক প্রশ্নের উত্তরে মহাপরিচালক, ওয়ারপো জানান যে, বর্তমান আইন অনুযায়ী ডিওই পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র প্রদান করে। ওয়ারপো এর ছাড়পত্রের বিষয় তিনি ওডিপিতে বর্ণিত ২টি বিকল্প পদ্ধতির কথা উল্লেখ করেন। প্রথমতঃ বর্তমান নিয়ম অনুযায়ী পরিবেশ অধিদপ্তর পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র প্রদান করবে। পরবর্তীতে ওয়ারপো কারিগরী ছাড়পত্র প্রদান করবে। দ্বিতীয়তঃ ওয়ারপো হতে পরিবেশ ও কারিগরী সংক্রান্ত ছাড়পত্র প্রদান করা হবে। এ ক্ষেত্রে প্রয়োজনে আইন ও বিধিমালার প্রয়োজনীয় সংশোধন করতে হবে। এ বিষয়ে পরিবেশ অধিদপ্তরের সাথে একটি MoU স্বাক্ষরিত হতে পারে।

(৬) সভাপতি জানান যে বর্তমানে প্রকল্প প্রক্রিয়াকরণে DoE সাধারণত শিল্প কারখানার ও স্থাপনা বিষয়ে "Environmental Clearance" দিয়ে থাকে। বাপাউবো এর প্রকল্প সমূহ সাধারণভাবে "Environmental Clearance" এর আওতায় এখনও আসেনি। এ পর্যায়ে অতিরিক্ত মহাপরিচালক, বাপাউবো জানান বর্তমানে কিছু কিছু প্রকল্পের জন্য DoE এর ছাড়পত্র গ্রহণ করা হয়েছে।

(৭) উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সভাপতি মতামত প্রদান করেন যে, পানি সম্পদ পরিকল্পনা আইন (১৯৯২) দ্বারা ওয়ারপো পানি সম্পদ উন্নয়ন ও রক্ষণাবেক্ষণে বিভিন্ন ব্যবস্থা গ্রহনে ক্ষমতাবান, তাছাড়া জাতীয় পানি নীতিমালা (১৯৯৯) অনুযায়ী "ক্লিয়ারিং হাউজ" এর মাধ্যমে পানি সম্পদ খাতের সকল প্রকল্প প্রক্রিয়াকরণ ওয়ারপো'র দায়িত্ব। অতএব এ বিষয়ে ব্যাপক আলোচনার প্রয়োজন।

৭। সিদ্ধান্ত ঃ

"ক্লিয়ারিং হাউজ" ধারনা এবং বাস্তবায়নের প্রক্রিয়া সমূহ চূড়ান্তকরনের জন্য ব্যাপক আলোচনার প্রয়োজন। এই লক্ষ্যে উপস্থাপিত ডকুমেন্টটি ওয়ারপো পানি সম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা এবং মন্ত্রণালয়ের মতামতের জন্য এক মাসের সময় দিয়ে প্রেরণ করবে। মতামতের ভিত্তিতে একটি মেট্রিক্স প্রস্তুত করে বিবেচনার জন্য কারিগরী কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(হোসাইন শহীদ মোজাদ্দাদ ফারুক)
মহাপরিচালক
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
ও
সচিব, ওয়ারপো কারিগরী কমিটি

(আলী ইমাম মজুমদার)
সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ)
পরিকল্পনা কমিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ও
চেয়ারম্যান, ওয়ারপো কারিগরী কমিটি

3/2 182

# Technical Committee meeting
## Venue: WARPO Conference Room
### Date & Time: 10:00 hrs on 20 November 2005

Chair: Mr. Ali Imam Majumder, Member (Agr., WR R.I.), Planning Commission.

List of Participants:

| Sl. No. | Name | Address & Organization | Designation | Signature |
|---|---|---|---|---|
| 1. | | | | |
| 2. | Kamaluddin Ahmed | DPHE, | Project Director | [signature] |
| 3. | Md. Serajul Islam | DPHE, Dept. of Public Health Engineering | XEN | [signature] 20/11/05 |
| 4. | Dr. M. U. Miah | Member-Dir (NRM), | BARC | [signature] 20/11/05 |
| 5. | Kazi Golam Mustofa | BWDB | Addl. DG (Planning) | [signature] |
| 6. | A. S. M. Farouque | WARPO | DG | [signature] 20/11 |
| 7. | | | | |
| 8. | | | | |
| 9. | | | | |
| 10. | | | | |
| 11. | | | | |
| 12. | | | | |
| 13. | | | | |
| 14. | | | | |
| 15. | | | | |
| 16. | | | | |
| 17. | | | | |
| 18. | | | | |
| 19. | | | | |
| 20. | | | | |
| 21. | | | | |